

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-৩ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৪৫.১৭৪.০০২.০১.০১৯.২০১১-৪২৮

তারিখ : ১৩.১১.২০১৬ খ্রিঃ

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় “টিবি এন্ড লেপারোসিস কন্ট্রোল” অপারেশনাল প্ল্যানের অনুকূলে ২০১৬-১৭ অর্থ বছরে এডিপিতে বরাদ্দকৃত অর্থের জিওবি খাত হতে ২য় কিস্তি বাবদ ৫৮.০০ লক্ষ (আটান্ন লক্ষ) টাকা অবমুক্তি সংক্রান্ত।

জনাব,

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০২.১১.২০১৬ তারিখের ৪৫.১৭৪.০০২.০১.০১৯.২০১১-৪১০ সংখ্যক স্মারকের অনুমোদিত বিভাজন অনুযায়ী আমি আদিষ্ট হয়ে “টিবি এন্ড লেপারোসিস কন্ট্রোল” (কোড নং-৫-২৭১১-৫০৮০) শীর্ষক অপারেশনাল প্ল্যানের অনুকূলে ২০১৬-১৭ অর্থ বছরের ১৫৫০.৬২ (পনের কোটি পঞ্চাশ লক্ষ বাষট্টি হাজার) টাকার অনুমোদিত বিভাজনের আলোকে জিওবি খাতের ২য় কিস্তি বাবদ ৫৮.০০ লক্ষ (আটান্ন লক্ষ) ছাড়করণে সরকারি মঞ্জুরী জ্ঞাপন করছি। মূলধন ও রাজস্বখাতের নির্দিষ্ট ব্যয় খাত অনুসারে এই আদেশ জারি করা হলোঃ

(লক্ষ টাকায়)

বাস্তবায়নকারী সংস্থার নাম	প্রকল্পের নাম ও কোড নম্বর	অনুমোদনের পর্যায়	কিস্তির নাম	রাজস্ব খাতের অর্থ	মূলধন খাতের অর্থ	মোট অবমুক্ত অর্থ
১	২	৩	৪	৫	৬	৭
স্বাস্থ্য অধিদপ্তর	“টিবি এন্ড লেপারোসিস কন্ট্রোল” (কোড নং-৫-২৭১১-৫০৮০)	অনুমোদিত	২য় কিস্তির জিওবি অর্থ	৫০.০০	৮.০০	৫৮.০০

শর্তাবলী :

- এই অর্থ ব্যয়ের ক্ষেত্রে Public Procurement Act, 2006 এবং The Public Procurement Rules, 2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধিবিধান যথাযথ ভাবে পালন করতে হবে ;
- এই ব্যয় ২০১৬-১৭ অর্থ বৎসরের উন্নয়ন বাজেটের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর এইচপিএনএসডিপি'র “টিবি এন্ড লেপারোসিস কন্ট্রোল” (কোড নং-৫-২৭১১-৫০৮০) হতে বহন করা হবে ;
- পরবর্তী কিস্তি ছাড়ের প্রস্তাবের সঙ্গে ১ম কিস্তিতে ছাড়কৃত অর্থের বিস্তারিত ব্যয় বিবরণী দাখিল করতে হবে ;
- উপরিউক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে (শুল্ক ও মূল্য সংযোজন কর এবং পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এই অংকের বহির্ভূত) ;
- এই বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে বর্ণিত দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী করতে হবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হবে না; এবং
- ছাড়কৃত অর্থের ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে।

২। অর্থ বিভাগের ১৩.১১.২০১২ তারিখের নং-০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫৪০ স্মারকের অধীনে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে যে ক্ষমতা অর্পন করা হয়েছে সেই অনুযায়ী আদেশ জারি করা হলো।

আপনার বিশ্বস্ত,

স্বাক্ষর

(ড. মো: এনামুল হক)

উপ সচিব

ফোন : ৯৫৪৯৫৪০


-পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য-

স্মারক নং -৪৫.১৭৪.০০২.০১.০১৯.২০১১-৪২৮/১(৮)

তারিখ : ১৩.১১.২০১৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২. যুগ্ম সচিব (এফএমএইউ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্ম-প্রধান, স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
৪. উপ সচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. লাইন ডাইরেক্টর, “টিবি এন্ড লেপটোসিস কন্ট্রোল” অপারেশনাল প্ল্যান, মহাখালী, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৭. যুগ্ম-সচিব (প্রবা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৮. যুগ্ম-প্রধান (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।



(ড. মো: এনামুল হক)
উপ সচিব